পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় ২০১৪-১৫ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্র:নং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১)	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	০১	-	০১	-	০১	-	সর্বনিম্ন-২০% সর্বোচ্চ-২০%	-	সর্বনিম্ন-(-) ১.০১% সর্বোচ্চ-(-) ১.০১%

১.০ সমাপ্ত প্রকল্পের সংখ্যা : ২০১৪-১৫ অর্থ বছরের এডিপিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বি ভাগের বিপরীতে অন্তর্ভুক্ত ০১ (এক)টি প্রকল্প সমাপ্ত হয়েছে।

২.০ সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ : বাস্তবায়ন পর্যায়ে কতিপয় অংগের কার্যক্রম অসমাপ্ত থাকায় প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ঘটে।

৩.০ সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ :

সমস্যা	**সুপারিশ**
প্রকল্পের নামঃ "নিউট্রিশনাল সার্ভেইল্যান্স কম্পোনেন্ট" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প	
৩.১) প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল প্রকল্প মেয়াদ শেষে নিউট্রিশনাল সার্ভেইলেন্স কার্যক্রম বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর নিয়মিত কার্যক্রম হিসেবে অন্তর্ভুক্ত করা। এতদুদ্দেশ্যে বিবিএস এর কর্মকর্তাগণকে প্রকল্পের অর্থে এমপিএইচ এবং এমডিএস-এ স্নাতকোত্তর ডিগী প্রদান করা হয়েছে এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কিন্তু ব্রাক বিশ্ববিদ্যালয়ের অনুরূপ মূল সার্ভে পরিচালনা করার জন্য প্রয়োজনীয় সাংগঠনিক কাঠামো বিবিএস-এ কাংখিত মাত্রায় তৈরী হয়নি মর্মে মনে হয়েছে। এ সার্ভে পরিচালনার জন্য বিবিএস এর Health & Demographic Wing-এর বর্তমান কাঠামো কতটুকু সক্ষম তা নিরূপণ করার প্রয়োজনীয়তা রয়েছে ;	**৩.১)** প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যাবলী নিয়মিত কাজ হিসেবে অন্তর্ভুক্ত করার উদ্দেশ্যে বিবিএস-এর Health & Demographic Wing-এর বর্তমান কাঠামো আরও সংগঠিত করা আবশ্যক। Post Enumeration Check (PEC) এর তুলনায় মূল সার্ভে পরিচালনায় অধিকসংখ্যক প্রশিক্ষিত জনবল প্রয়োজন হবে। তাই বিবিএস-এর সদর দপ্তর ও মাঠ পর্যায়ে আরো অধিক সংখ্যক জনবল নিয়োগ করে তাদেরকে প্রশিক্ষিত করে তোলার উদ্যোগ নিতে হবে, অন্যথায় প্রকল্পের মূল উদ্দেশ্য ব্যর্থ হওয়ার আশংকা রয়ে যায় ;
৩.২) বিবিএস কর্তৃক মূল সার্ভেইলেন্স কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রকল্পের আওতায় ডিগ্রীপ্রাপ্ত ও প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীকে একাজের সাথে সংশ্লিষ্ট বিবিএস-এর অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রশিক্ষণ প্রদানের কাজে যথাশীঘ্র নিয়োজিত না করা হলে প্রকল্পের আওতায় প্রদত্ত প্রশিক্ষণ এবং কর্মকর্তাদের উচ্চতর শিক্ষা গ্রহণ, ইত্যাদি উদ্যোগ Unutilized অবস্থায় থেকে যাওয়ার আশংকা রয়েছে ;	**৩.২)** প্রকল্পের আওতায় ডিগ্রীপ্রাপ্ত ও প্রশিক্ষণপ্রাপ্ত জনবল কর্তৃক একাজে সংশ্লিষ্ট বিবিএস-এর অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদেরকে মূল সার্ভেইল্যান্স পরিচালনার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের কাজে দ্রুত নিয়োজিত করা বাঞ্ছনীয়;
৩.৩) ২০১২ সাল থেকে মূল সার্ভের উপর বিবিএস কর্তৃক পরিচালিত পিইসি কার্যক্রমের ১২ তম রাউন্ড থেকে মূল সার্ভে কার্যক্রমে বিবিএস এর ১৬ জনকে (১২ জন তথ্য	**৩.৩)** নিউট্রিশনাল সার্ভেইলেন্স কার্যক্রমকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-তে প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে জরীপের প্রশ্নপত্রের বিভিন্ন মডিউল, ফুড

সমস্যা	সুপারিশ
সংগ্রহকারী + ৪ জন সুপারভাইজার) সম্পৃক্ত করা হয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক অবহিত করা হয়েছে। এ বিশাল কার্যক্রম পরিচালনার প্রত্যক্ষ অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে মাত্র ১৬ জনকে অন্তর্ভুক্ত করা হয় যা যথেষ্ট নয় বলে প্রতীয়মান হয়। আরও অধিকসংখ্যক জনবল পর্যায়ক্রমে সম্পৃক্ত করা সমীচীন ছিল ; এবং	সিকিউরিটি ও নিউট্রিশনাল সংক্রান্ত Indicators (Stunting, wasting, underweight, Body Mass Index, ইত্যাদি) এর উপর প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে ; এবং
৩.৪) প্রকল্প চলাকালীন প্রকল্পের কার্যক্রমের উপর অডিট আপত্তি উত্থাপিত হয়েছে মর্মে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) সূত্রে জানা যায়। তবে কী আপত্তি উত্থাপন করা হয়েছে এবং উত্থাপিত আপত্তি নিষ্পত্তি করা হয়েছে কিনা সে সম্পর্কে কোন ব্যাখ্যা পাওয়া যায়নি।	**৩.৪)** প্রকল্পের উপর উত্থাপিত অডিট আপত্তি ও নিষ্পত্তির বিবরণ দ্রুত আইএমইডি'তে প্রেরণ করতে হবে।

নিউট্রিশনাল সার্ভেইল্যান্স কম্পোনেন্ট শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন,২০১৫)

১। প্রকল্পের অবস্থান : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।

২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

৩। প্রশাসনিক মন্ত্রণালয় : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ/পরিকল্পনা মন্ত্রণালয়।

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় : **(লক্ষ টাকায়)**

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় ব্যয় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
মোট : ৬৩৯.৭০ টাকা : ৪.০০ প্র:সা: ৬৩৫.৭০	মোট : -- টাকা : -- প্র:সা: --	মোট : ৬৩৩.২২ টাকা : -- প্র:সা: ৬৩৩.২২	০১.০৭.২০০৯ হতে ৩০.০৬.২০১৪	০১.০৭.২০০৯ হতে ৩০.০৬.২০১৫	০১.০৭.২০০৯ হতে ৩০.০৬.২০১৫	(-) ৬.৪৮ * (১.০১%)	০১ বছর (২০%)

* প্রকৃত ব্যয় মূল অনুমোদিত ব্যয় হতে ৬.৪৮ লক্ষ টাকা কম।

৫। প্রকল্পের অর্থায়ন : প্রকল্পটি ইউরোপীয় ইউনিয়ন এবং জিওবি এর যৌথ অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৬। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি : (সংস্থা কর্তৃক সরবরাহকৃত পিসিআর এর তথ্যের ভিত্তিতে) :

(লক্ষ টাকায়)

ক্র: নং	পিপি অনুযায়ী কাজের অংগ	একক	পিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
১.	বেতন-ভাতাদি	থোক	১.৩৭	-	১.৩৭ (১০০%)	১০০%
২.	টিএডিএ	থোক	১৬৭.০২	-	১৬৭.০২ (১০০%)	১০০%
৩.	টেলিফোন/টেলিগ্রাম/ টেলিপ্রিন্টার	থোক	২.১১	-	২.১১ (১০০%)	১০০%
৪.	ডিজেল, গ্যাস, পেট্রোল এবং লব্রিক্যান্টস	থোক	৮.৪৬	-	৮.৪৬ (১০০%)	১০০%
৫.	সংবাদপত্র, ন্যাশনাল ডেইলি	থোক	০.৬৩	-	০.৬৩ (১০০%)	১০০%
৬.	মুদ্রণ এবং প্রচার	থোক	৮.৮৬	-	৮.৮৬ (১০০%)	১০০%
৭.	স্টেশনারী/সীল/স্টাম্পস	থোক	৭.৩৩	-	৭.৩৩ (১০০%)	১০০%
৮.	প্রসেসিং/এনালাইসিস অব সার্ভেইল্যান্স ডাটা	থোক	০.৪৪	-	০.৪৪ (১০০%)	১০০%
৯.	বুকস এন্ড পিরিয়ডিক্যালস	থোক	১.৭৭	-	১.৭৭ (১০০%)	১০০%
১০.	বিজ্ঞাপন এবং প্রচার	থোক	৩.৩৩	-	৩.৩৩ (১০০%)	১০০%
১১.	স্ট্যাডি ট্যুর/বৈদেশিক প্রশিক্ষণ/স্থানীয় প্রশিক্ষণ	থোক	১৩৯.৬৯	-	১৩৭.২১ (৯৮.২২%)	১০০%
১২.	কনভিয়েন্স এন্ড সাপোর্ট অব এমপিএইচ এন্ড আদার্স ট্রেনিং প্রোগ্রামস	থোক	০.০৫	-	০.০৫ (১০০%)	১০০%
১৩.	সেমিনার/কনফারেন্স/ওয়ার্কশপ	থোক	৩.০০	-	৩.০০ (১০০%)	১০০%
১৪.	ইন্টারটেইনমেন্ট এক্সপেন্ডিচার	থোক	৩০.৩২	-	৩০.৩২ (১০০%)	১০০%
১৫.	ক্যারিং কষ্ট	থোক	৪.৫১	-	৪.৫১ (১০০%)	১০০%

ক্র: নং	পিপি অনুযায়ী কাজের অংগ	একক	পিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
১৬.	অনিয়মিত জনবল	থোক	১.২৮	-	১.২৮ (১০০%)	১০০%
১৭.	স্থানীয় পরামর্শক	থোক	৬.০০	-	৬.০০ (১০০%)	১০০%
১৮.	সন্মানী (ফর সার্ভে কমপ্লিশন)	থোক	২২.৬৭	-	২২.৬৭ (১০০%)	১০০%
১৯.	সার্ভে কষ্ট	থোক	৬০.৬৭	-	৬০.৬৭ (১০০%)	১০০%
২০.	কম্পিউটার এক্সেসরিজ	থোক	২.০০	-	২.০০ (১০০%)	১০০%
২১.	হায়ারিং চার্জ/ট্রান্সপরটেশন	থোক	২৯.৪৮	-	২৯.৪৮ (১০০%)	১০০%
২২.	মিটিং অব দি পিটিএফ, টিসি, পিএসসি, টিইসি এন্ড আদার্স	থোক	৪.৩০	-	৪.৩০ (১০০%)	১০০%
২৩.	আদার ওভারহেড কন্টিনজেন্সি	থোক	২৪.১০	-	২৪.১০ (১০০%)	১০০%
২৪.	যানবাহন মেরামত এবং সংরক্ষণ	থোক	৩.৮৫	-	৩.৮৫ (১০০%)	১০০%
২৫.	আসবাবপত্র (টেবিল/চেয়ার/ কেবিনেট/আলমিরা ইত্যাদি)	থোক	৪.৯১	-	৪.৯১ (১০০%)	১০০%
২৬.	কম্পিউটার এন্ড অফিস ইক্যুইপমেন্ট	থোক	২.৯৭	-	২.৯৭ (১০০%)	১০০%
২৭.	টেলিকমিউনিকেশন ইক্যুইপমেন্ট	থোক	০.৫০	-	০.৫০ (১০০%)	১০০%
২৮.	বিবিধ (মেরামত/ সংরক্ষণাগার)	থোক	০.১৫	-	০.১৫ (১০০%)	১০০%
২৯.	ট্রান্সপোর্ট (জীপ/ মাইক্রোবাস)	থোক	৪৩.৭১	-	৪৩.৭১ (১০০%)	১০০%
৩০.	ফটোকপিয়ার, এয়ার কন্ডিশন, স্পাইরাল বাইন্ডিং, লেমেনেটিং	থোক	০.৬৪	-	০.৬৪ (১০০%)	১০০%
৩১.	মাইক্রো কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার (লেজার এন্ড ডট), ইউপিএস, সার্ভার ইত্যাদি	থোক	১৯.৩২	-	১৯.৩২ (১০০%)	১০০%
৩২.	সফটওয়্যার	থোক	০.১৯	-	০.১৯ (১০০%)	১০০%
৩৩.	অফিস ইক্যুইপমেন্ট (রেফ্রিজারেটর, ওভেন, টিভি ইত্যাদি)	থোক	১৬.৬১	-	১৬.৬১ (১০০%)	১০০%
৩৪.	ফার্নিচার (কম্পিউটার টেবিল ইত্যাদি)	থোক	১১.৮২	-	১১.৮২ (১০০%)	১০০%
৩৫.	ফ্যাক্স মেশিন, মোবাইল বিল	থোক	১.১৪	-	১.১৪ (১০০%)	১০০%
৩৬.	ভিডিও প্রজেক্টর, রেকর্ডার, ক্যামেরা এন্ড আদার্স	থোক	০.২৫	-	০.২৫ (১০০%)	১০০%
৩৭.	ইলেকট্রিক ইক্যুইপমেন্ট (আইপিএস, সিডি, পেন ড্রাইভ ইত্যাদি)	থোক	০.২৫	-	০.২৫ (১০০%)	১০০%
৩৮.	সিডি ভ্যাট	থোক	৪.০০	-	০.০০	-
	মোট=		**৬৩৯.৭০**	-	**৬৩৩.২২ (৯৮.৯৯%)**	১০০%

৭। সাধারণ পর্যবেক্ষণ :

৭.১ প্রকল্পের পটভূমি :

স্বাস্থ্য ও পুষ্টি একটি অপরটির সম্পূরক এবং পরিপূরক। পুষ্টি সুস্বাস্থ্য অর্জনের বিষয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। খাদ্য অনিশ্চয়তার দরুন অপুষ্টি সমস্যা থেকে পরিত্রাণ এবং পুষ্টি সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ এবং পরিবীক্ষণ একটি গুরুত্বপূর্ণ বিষয়। তাই এ বিষয়কে গুরুত্ব দিয়ে জনগণের স্বাস্থ্য ও পুষ্টিমান সম্পর্কিত অন্তর্নিহিত কারণগুলো চিহ্নিত করার লক্ষ্যে গত ১৩.১২.২০০৭ তারিখে বাংলাদেশ সরকার ও ইউরোপিয়ান ইউনিয়ন (EU) এর মধ্যে ফুড

সিকিউরিটি প্রোগ্রাম-২০০৬ এর আওতায় নিউট্রিশনাল সার্ভেইল্যান্স বিষয়ে একটি Financial Agreement স্বাক্ষরিত হয়।

ফুড সিকিউরিটি প্রোগ্রাম-২০০৬ এর অধীনে EU-এর আর্থিক সহায়তায় নিউট্রিশনাল সার্ভেইল্যান্স কার্যক্রম পরিচালনার জন্য EU কর্তৃক নিয়োগপ্রাপ্ত প্রতিষ্ঠানের সাথে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে সম্পৃক্ত করে মাঠ পর্যায়ে কাজের অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছিল। EU-এর নির্দেশনার আলোকে এই কম্পোনেন্টটি বাস্তবায়নের জন্য ব্রাক ইউনিভার্সিটি ও হেলেন কেলার ইন্টারন্যাশনাল এর সাথে একটি দ্বিপক্ষীয় চুক্তি সম্পন্ন করা হয়। উক্ত চুক্তি মোতাবেক ব্রাক ইউনিভার্সিটি ৫ বছরে ১৫ রাউন্ড নিউট্রিশন সংক্রান্ত জরিপ অনুষ্ঠিত করবে এবং প্রকল্প শেষে নিউট্রিশনাল সার্ভেইল্যান্স কার্যক্রমটিকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সাথে প্রাতিষ্ঠানিকভাবে একীভূত করতে সহায়তা করবে। অপরদিকে আলোচ্য প্রকল্পের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের নিউট্রিশনাল জরিপ এলাকা থেকে ১০% নমুনা এলকায় ১৫ রাউন্ড Post Enumeration Check (PEC) কার্যক্রম পরিচালনা করবে এবং এ কাজের মাধ্যমে দক্ষতা অর্জন করবে। এছাড়া ব্রাক বিশ্ববিদ্যালয় উন্নয়ন সহযোগী কর্তৃক প্রদেয় অর্থের কিছু অংশ ব্যয় করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ০৮ জন কর্মকর্তাকে সঠিক তথ্যাদির ভিত্তিতে স্বাস্থ্য ও পুষ্টি সম্পর্কিত বিষয়াদির উপর বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোসহ বিভিন্ন stakeholders, স্বাস্থ্য প্রতিনিধিগণের সম্যক জ্ঞান অর্জন ও কার্যক্ষেত্রে তথ্যাদি ব্যবহারের লক্ষ্যে বাস্তবায়িত কারিগরী প্রকল্পটির ভূমিকা বিশেষ গুরুত্বপূর্ণ। সেই সাথে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো নিউট্রিশনাল সার্ভেইলেন্স বিষয়ে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির বিষয়টি আলোচ্য কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় নিশ্চিত করার প্রচেষ্টা নেয়া হয়েছে।

৭.২ প্রকল্পের উদ্দেশ্য :

১) ব্রাক বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত “নিউট্রিশনাল সার্ভেইল্যান্স” এর গণনা পরবর্তী গুণগত মান যাচাই (PEC) কার্যক্রম পরিচালনা করা ;

২) স্যাম্পল ডিজাইন, প্রশ্নপত্র প্রস্তুত ইত্যাদি কাজে ব্রাক বিশ্ববিদ্যালয়কে সহায়তা করা ;

৩) “নিউট্রিশনাল সার্ভেইল্যান্স” সংক্রান্ত কাজে বিবিএস এর জনবল দক্ষতা বৃদ্ধিকরণ ; এবং

৪) প্রকল্পের মেয়াদ শেষে “নিউট্রিশনাল সার্ভেইল্যান্স” কার্যক্রম বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS)-এর নিয়মিত কার্যক্রম হিসেবে অন্তর্ভুক্ত করা ।

প্রকল্পের মূল কার্যক্রম :

১) ব্রাক বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত “নিউট্রিশনাল সার্ভেইল্যান্স” এর উপর Post Enumeration Check (PEC) পরিচালনা করা ;

২) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ০৮ (আট) জন কর্মকর্তাকে Health, Nutrition and Bio-Statistics বিষয়ে উচ্চ শিক্ষা প্রদান করা ; এবং

৩) প্রকল্পের অর্থায়নে প্রশিক্ষণ ও শিক্ষা সফরের মাধ্যমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ক্ষমতা বৃদ্ধি করা।

৮। অনুমোদন পর্যায় :

“নিউট্রিশনাল সার্ভেইলেন্স কম্পোনেন্ট” শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি মোট ৬৩৯.৭০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (জিওবি ৪.০০ লক্ষ টাকা + ইউরোপীয় ইউনিয়ন ৬৩৫.৭০ লক্ষ টাকা) জুলাই, ২০০৯ হতে জুন, ২০১৪ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ২৬.০৫.২০১০ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ২০১৪ সালে ব্রাক বিশ্ববিদ্যালয় কর্তৃক মূল জরীপ কাজ কাজ সমাপ্ত না হওয়ায় আলোচ্য প্রকল্পের আওতায় জরীপের উপর পিইসি কার্যক্রমও সম্পন্ন করা সম্ভব হয়নি। এ প্রেক্ষাপটে ইউরোপীয় ইউনিয়নের সম্মতিক্রমে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধি করে জুন, ২০১৫ পর্যন্ত নির্ধারণ করা হয়।

৯। প্রকল্পের অনুকূলে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বছর ভিত্তিক বরাদ্দ ও অগ্রগতি :

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দ ও অগ্রগতি			অর্থ ছাড়	বছর ভিত্তিক ব্যয় ও বাস্তব অগ্রগতি		
	মোট	টাকা	প্র:সা:		মোট	টাকা	প্র:সা:
২০০৯-২০১০	০.০০	০.০০	০.০০	-	০.০০	০.০০	০.০০
২০১০-২০১১	১৩৯.৮৫	৪.০০	১৩৫.৮৫	-	১৩৫.৮৫	০.০০	১৩৫.৮৫
২০১১-২০১২	১৩৫.১৩	০.০০	১৩৫.১৩	-	১৩৫.১৩	০.০০	১৩৫.১৩
২০১২-২০১৩	১৪২.৮৪	০.০০	১৪২.৮৪	-	১৪২.৮৪	০.০০	১৪২.৮৪
২০১৩-২০১৪	১৪৭.৬০	০.০০	১৪৭.৬০	-	১৪৫.১২	০.০০	১৪৫.১২
২০১৪-২০১৫	৭৪.২৮	০.০০	৭৪.২৮	-	৭৪.২৮	০.০০	৭৪.২৮
মোট=	৬৩৯.৭০	৪.০০	৬৩৯.৭০	-	৬৩৩.২২	০.০০	৬৩৩.২২

প্রকল্পটির মূল প্রাক্কলিত ব্যয় ৬৩৯.৭০ লক্ষ টাকার বিপরীতে মোট ব্যয় হয়েছে ৬৩৩ .২২ লক্ষ টাকা যার পুরোটাই প্রকল্প সাহায্য। প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) সূত্রে জানা গেছে যে, প্রকল্পের বিপরীতে জিওবি হিসেবে বরাদ্দের পরিমাণ ৪.০০ লক্ষ টাকা হলেও কার্যক্ষেত্রে এ অর্থ ব্যয় হয়নি।

১০। প্রকল্প ব্যবস্থাপনা : প্রকল্পের শুরু হতে সমাপ্তি পর্যন্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর নিম্নবর্ণিত কর্মকর্তা "প্রকল্প পরিচালক"-এর দায়িত্ব পালন করেন :

ক্র:নং	কর্মকর্তার নাম	পদবী	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব অর্পণ	ধরণ
০১)	আজিজা পারভীন	যুগ্ম-পরিচালক	জুন, ২০০৯	২৪.০৭.২০১১	পূর্ণকালীন
০২)	জনাব মো: মাসুদ আলম	পরিচালক (উপ-সচিব)	২৫.০৭.২০১১	৩০.০৬.২০১৫	পূর্ণকালীন

১১। প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জন :

প্রকল্পে উদ্দেশ্য		প্রকৃত অর্জন	
১)	ব্রাক বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত "নিউট্রিশনাল সার্ভেইল্যান্স" এর গণনা পরবর্তী গুণগত মান যাচাই (PEC) কার্যক্রম পরিচালনা করা ;	**০১)**	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক গত ১৩.১১.২০১০ হতে ২২.০৯.২০১৩ তারিখে পর্যন্ত সময়ে মাঠ পর্যায়ে ৩য় হতে ১৫ তম রাউন্ড PEC কার্যক্রম পরিচালনা করা হয়েছে ;
২)	স্যাম্পল ডিজাইন, প্রশ্নপত্র প্রস্তুত ইত্যাদি কাজে ব্রাক বিশ্ববিদ্যালয়কে সহায়তা করা ;	**০২)**	স্যাম্পল ডিজাইন, প্রশ্নপত্র প্রস্তুত ইত্যাদি কাজে ব্রাক বিশ্ববিদ্যালয়কে সহায়তা করা হয়েছে ;
৩)	"নিউট্রিশনাল সার্ভেইল্যান্স" সংক্রান্ত কাজে বিবিএস এর জনবল দক্ষতা বৃদ্ধিকরণ ; এবং	**০৩)**	ব্রাক বিশ্ববিদ্যালয়ে ০৮ (আট) জন বিবিএস কর্মকর্তা মাস্টার্স ডিগ্রী লাভ করেছেন। এছাড়া ১২ জন কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ;
৪)	প্রকল্পের মেয়াদ শেষে "নিউট্রিশনাল সার্ভেইল্যান্স" কার্যক্রম বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS)-এর নিয়মিত কার্যক্রম হিসেবে অন্তর্ভুক্ত করা ।	**০৪)**	প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের কার্যাবলী বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র নিয়মিত কার্যাবলী হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়টি বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে।

১২। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ : কোন উল্লেখযোগ্য কাজ অসমাপ্ত নেই মর্মে পিসিআরসূত্রে জানা গেছে।

??????????? ????**(Methodology)** : ???????? ??????????? ??????? ????????? ?????????? ?????? ??? ???

ক) টিপিপি ও অন্যান্য ডকুমেন্ট পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা ;

খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত Project Completion Report (PCR) পর্যালোচনা ;

গ) SPEC, Project Steering Committee, Project Implementation Committee (PIC) ইত্যাদি গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা ; এবং

ঘ) প্রকল্প কার্যালয় পরিদর্শন ও প্রাপ্ত তথ্যের উপর সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৪। মনিটরিং :

প্রকল্পটি আইএমইডি কর্তৃক সরাসরি পরিদর্শন করা হয়নি। তবে প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC), স্টিয়ারিং কমিটিসহ বিভিন্ন সভায় অংশগ্রহণের মাধ্যমে পরিবীক্ষণ করার প্রয়াস নেয়া হয়েছে এবং পিসিআর প্রাপ্তির পর প্রকল্প কার্যালয় পরিদর্শন করা হয়েছে।

১৫। অডিট সম্পর্কিত তথ্য :

(ক) অভ্যন্তরীণ অডিট : প্রকল্প চলাকালীন এবং প্রকল্প সমাপ্তির পর কোন অভ্যন্তরীণ অডিট কার্যক্রম পরিচালনা করা হয়নি মর্মে প্রকল্পসূত্রে জানা গেছে।

(খ) এক্সটার্নাল অডিট :

জুলাই, ২০১০ হতে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত সময়কালের অডিট কার্যক্রম পরিচালনা করা হয়েছে এবং ২০.১০.২০১৪ তারিখে অডিট প্রতিবেদন পেশ করা হয়েছে। কোন বড় ধরনের আপত্তি উত্থাপিত হয়নি মর্মে প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে (PCR) উল্লেখ করা হয়েছে।

১৬। প্রকল্প পরিদর্শন :

১৬.১ গত ২৭.০৪.২০১৬ তারিখে প্রকল্পটি আইএমইডি'র পরিচালক সুফিয়া আতিয়া যাকারিয়া কর্তৃক পরিদর্শন করা হয় এবং প্রকল্প পরিচালকের সাথে প্রকল্পের বাস্তবায়নের বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। প্রকল্প পরিচালক ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করেন।

১৬.২ প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত তথ্যাদি :

সারাদেশে পুষ্টি এবং খাদ্য নিরাপত্তা অবস্থা যাচাইয়ের লক্ষ্যে এ সম্পর্কিত প্রকৃত ও নিয়মিত তথ্য/উপাত্ত প্রাপ্তির জন্য প্রকল্পটি গ্রহণ ও বাস্তবায়ন করা হয়। ০৫ (পাঁচ) বছরের কমবয়সী শিশু ও ১০ – ৪৯ বয়সসীমার মহিলাদের উপর ব্রাক বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত দেশব্যাপী মূল জরীপের উপর আলোচ্য প্রকল্পের আওতায় মোট ১৩ টি রাউন্ডে নমুনার ভিত্তিতে Post Enumeration Check (PEC) কার্যক্রম পরিচালনা করা হয়।

১৬.৩ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক গত ১৩.১১.২০১০ তারিখ হতে ২২.০৯.২০১৩ তারিখ পর্যন্ত মাঠ পর্যায়ে ৩য় হতে ১৫ তম রাউন্ড PEC কাজ পরিচালনা করা হয়। উল্লেখ্য, প্রথম ও দ্বিতীয় রাউন্ড PEC কার্যক্রম সম্পন্ন করা যায়নি কারণ ব্রাক বিশ্ববিদ্যালয় কর্তৃক মূল সার্ভের মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের কাজ জানুয়ারি, ২০১১ মাস থেকে শুরু করা হয় ; অপরদিকে আলোচ্য প্রকল্পটি জুলাই, ২০০৯ থেকে আরম্ভ হলেও প্রথম অর্থবছরে কোন বরাদ্দ পাওয়া যায়নি এবং পরবর্তী অর্থবছরে বরাদ্দ প্রাপ্তির পর ২০১১ সালের নভেম্বর মাস থেকে PEC কার্যক্রমের তৃতীয় রাউন্ড শুরু করা হয়।

১৬.৪ PEC কার্যক্রম পরিচালনা :

বিবিএস কর্তৃক পরিচালিত আদমশুমারি-২০১১ এর গ্রাম ও মৌজা তালিকা এই প্রকল্পের PEC কার্যক্রমের Sampling Frame হিসেবে ব্যবহার করা হয়েছে। ভৌগলিক অবস্থানের উপর ভিত্তি করে Sampling Frame -কে ০৭ টি জোনে বিভক্ত করা হয়, যার মধ্যে ৬ টি জোন এমন এলাকা নিয়ে গঠন করা হয় যেখানে খাদ্য ও পুষ্টির অনিশ্চয়তা বেশী। প্রতি রাউন্ড PEC-তে উল্লিখিত ৬ টি জোনের প্রতিটি থেকে ১২ টি উপজেলা এবং অন্য জোনটি থেকে ২২ টি উপজেলা দৈবচয়ন পদ্ধতির মাধ্যমে চয়ন করা হয়। উল্লেখ্য, ব্র্যাক পরিচালিত মূল সার্ভের নমুনা এলাকার ১০% এলাকা আলোচ্য প্রকল্পের আওতায় দৈবচয়ন পদ্ধতির মাধ্যমে নির্বাচন করে PEC কার্যক্রম পরিচালনা করা হয়। এ কার্যক্রমের মাধ্যমে পরিবারের আর্থ-সামাজিক অবস্থা, নিরাপদ পানির ব্যবহার, পয়:নিষ্কাশন, পরিস্কার-পরিচ্ছন্নতা,

খাদ্যগ্রহণ, শিশুর টীকাদান, প্রজনন ও মাতৃ স্বাস্থ্য সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ করা হয়। প্রতি রাউন্ডের PEC শেষে প্রশ্নমালা প্রকল্প কার্যালয়ে ম্যাচিং করার পর রাউন্ড ভিত্তিক PEC প্রতিবেদন প্রণয়ন করা হয়। তিনটি রাউন্ডের সমন্বয়ে একটি করে বার্ষিক প্রতিবেদন প্রকাশ প্রণয়ন করা হয়েছে।

চিত্র : প্রকল্পের ১৫তম পিইসি রাউন্ডের মাঠ পর্যায়ের কাজ পরিদর্শন করছেন সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বেগম সুরাইয়া বেগম এনডিসি (ডিসেম্বর, ২০১৪)।

চিত্র : প্রকল্পের ১৫তম পিইসি রাউন্ডের মাঠ পর্যায়ের কাজ পরিদর্শন করছেন জনাব গোলাম মোস্তফা কামাল, মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (ডিসেম্বর, ২০১৪)।

১৬.৫ প্রকল্পের আওতায় প্রশিক্ষণ প্রদান :

প্রকল্পের অন্যতম একটি উদ্দেশ্য ছিল নিউট্রিশনাল সার্ভেইলেন্স সংক্রান্ত কাজে বিবিএস-এর জনবলের দক্ষতা বৃদ্ধিকরণ। এ উদ্দেশ্যে প্রকল্পের বিবিএস-এর কর্মকর্তাদের এ সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণের বিষয়ভিত্তিক প্রশিক্ষণার্থীর সংখ্যা নিম্নরূপ :

প্রশিক্ষণের বিষয়	প্রশিক্ষণার্থী
০১) Food and Nutritional Statistics	বিবিএস এর ২০ জন কর্মকর্তা
০২) Applied Statistics	বিবিএস এর ১২ জন কর্মকর্তা
০৩) STATA, MICS LAB	বিবিএস এর ১৬ জন কর্মকর্তা
০৪) Anthro 2006, Basic Nutrition & FANTA-2	বিবিএস এর ১২ জন কর্মকর্তা
০৫) Statistical Report Writing	বিবিএস এর ২০ জন কর্মকর্তা
০৬) English Language Proficiency Course	বিবিএস এর ২০ জন কর্মকর্তা
০৭) Basic Computer Literacy and Computer Literacy (Graphics)	বিবিএস এর ৫১ জন কর্মকর্তা

চিত্র: আদমশুমারি ও গৃহগণনা-২০১১ প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ের "মৌলিক ও প্রায়োগিক পরিসংখ্যান" বিষয়ক প্রশিক্ষণ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি জনাব গোলাম মোস্তফা কামাল, মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। রাজশাহী, সেপ্টেম্বর, ২০১৪।

১৬.৬ প্রকল্পের আওতায় সম্পাদিত অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যাবলী :

- প্রকল্পের আওতায় বিবিএস এর ৬ জন কর্মকর্তা ব্রাক বিশ্ববিদ্যালয়ের জেমস পি গ্র্যান্ট স্কুল অব পাবলিক হেলথ থেকে এমপিএইচ ডিগ্রী এবং ০২ জন কর্মকর্তা একই বিশ্ববিদ্যালয় থেকে এমডিএইচ ডিগ্রী লাভ করেছেন।
- প্রকল্পের আওতায় PEC জরীপের ৩য় হতে ১৫ তম রাউন্ডের ফলাফল প্রকাশ করা হয়েছে।
- প্রকল্পের আওতায় ২০১১, ২০১২, ২০১৩ ও ২০১৪ সালের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়েছে।

১৭। বাস্তবায়ন সমস্যা পর্যালোচনা :

১৭.১ প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল প্রকল্প মেয়াদ শেষে নিউট্রিশনাল সার্ভেইলেন্স কার্যক্রম বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর নিয়মিত কার্যক্রম হিসেবে অন্তর্ভুক্ত করা। এতদুদ্দেশ্যে বিবিএস এর কর্মকর্তাগণকে প্রকল্পের অর্থে এমপিএইচ এবং এমডিএস-এ স্নাতকোত্তর ডিগী প্রদান করা হয়েছে এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কিন্তু ব্রাক বিশ্ববিদ্যালয়ের অনুরূপ মূল সার্ভে পরিচালনা করার জন্য প্রয়োজনীয় সাংগঠনিক কাঠামো বিবিএস-এ কাংখিত মাত্রায় তৈরী হয়নি মর্মে মনে হয়েছে। এ সার্ভে পরিচালনার জন্য বিবিএস এর Health & Demographic Wing-এর বর্তমান কাঠামো কতটুকু সক্ষম তা নিরূপণ করার প্রয়োজনীয়তা রয়েছে ;

১৭.২ বিবিএস কর্তৃক মূল সার্ভেইলেন্স কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রকল্পের আওতায় ডিগ্রীপ্রাপ্ত ও প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীকে একাজের সাথে সংশ্লিষ্ট বিবিএস-এর অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রশিক্ষণ প্রদানের কাজে যথাশীঘ্র নিয়োজিত না করা হলে প্রকল্পের আওতায় প্রদত্ত প্রশিক্ষণ এবং কর্মকর্তাদের উচ্চতর শিক্ষা গ্রহণ, ইত্যাদি উদ্যোগ Unutilized অবস্থায় থেকে যাওয়ার আশংকা রয়েছে ;

১৭.৩ ২০১২ সাল থেকে মূল সার্ভের উপর বিবিএস কর্তৃক পরিচালিত পিইসি কার্যক্রমের ১২ তম রাউন্ড থেকে মূল সার্ভে কার্যক্রমে বিবিএস এর ১৬ জনকে (১২ জন তথ্য সংগ্রহকারী + ৪ জন সুপারভাইজার) সম্পৃক্ত করা হয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক অবহিত করা হয়েছে। এ বিশাল কার্যক্রম পরিচালনার প্রত্যক্ষ অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে মাত্র ১৬

জনকে অন্তর্ভুক্ত করা হয় যা যথেষ্ট নয় বলে প্রতীয়মান হয়। আরও অধিকসংখ্যক জনবল পর্যায়ক্রমে সম্পৃক্ত করা সমীচীন ছিল ; এবং

১৭.৪ প্রকল্প চলাকালীন প্রকল্পের কার্যক্রমের উপর অডিট আপত্তি উত্থাপিত হয়েছে মর্মে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) সূত্রে জানা যায়। তবে কী আপত্তি উত্থাপন করা হয়েছে এবং উত্থাপিত আপত্তি নিষ্পত্তি করা হয়েছে কিনা সে সম্পর্কে কোন ব্যাখ্যা পাওয়া যায়নি।

১৮। সুপারিশ :

১৮.১ প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যাবলী নিয়মিত কাজ হিসেবে অন্তর্ভুক্ত করার উদ্দেশ্যে বিবিএস-এর Health & Demographic Wing-এর বর্তমান কাঠামো আরও সংগঠিত করা আবশ্যক। Post Enumeration Check (PEC) এর তুলনায় মূল সার্ভে পরিচালনায় অধিকসংখ্যক প্রশিক্ষিত জনবল প্রয়োজন হবে। তাই বিবিএস-এর সদর দপ্তর ও মাঠ পর্যায়ে আরো অধিক সংখ্যক জনবল নিয়োগ করে তাদেরকে প্রশিক্ষিত করে তোলার উদ্যোগ নিতে হবে, অন্যথায় প্রকল্পের মূল উদ্দেশ্য ব্যর্থ হওয়ার আশংকা রয়ে যায় ;

১৮.২ প্রকল্পের আওতায় ডিগ্রীপ্রাপ্ত ও প্রশিক্ষণপ্রাপ্ত জনবল কর্তৃক একাজে সংশ্লিষ্ট বিবিএস-এর অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদেরকে মূল সার্ভেইল্যান্স পরিচালনার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের কাজে দ্রুত নিয়োজিত করা বাঞ্ছনীয় ;

১৮.৩ নিউট্রিশনাল সার্ভেইলেন্স কার্যক্রমকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-তে প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে জরীপের প্রশ্নপত্রের বিভিন্ন মডিউল, ফুড সিকিউরিটি ও নিউট্রিশনাল সংক্রান্ত Indicators (Stunting, wasting, underweight, Body Mass Index, ইত্যাদি) এর উপর প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে ; এবং

১৮.৪ প্রকল্পের উপর উত্থাপিত অডিট আপত্তি ও নিষ্পত্তির বিবরণ দ্রুত আইএমইডি'তে প্রেরণ করতে হবে।